দৈনিক ইত্তেফাক

তারিখ 03 MAY 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

যশোর বোর্ড

# এইচএসসি পরীক্ষায়ও রেজিষ্ট্রেশন ঘাপলা

মাইনুল হাসান ॥ যশোর শিক্ষা বোর্ড আসন্ন এইচএসসি পরীক্ষায় রেজিষ্ট্রেশন ঘাপলা ও বিনানুমতিতে কলেজ পরিবর্তনকারী পরীক্ষার্থী-দের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্র-

(শেষ পৃ: ৭-এর ক: দ্রঃ)

যশোর বোর্ডে

( ১ম পৃঃ পর )

ণের সিদ্ধান্ত নিয়াছে। আগামী ৭ই জুলাই এ পরীক্ষা শুরু হইবে। বোর্ড পরিচালিত এক তদন্তে দেখা গিয়াছে, বহু পরীক্ষার্থীর রেজিষ্ট্রে-শনে ঘাপলা ও বিনানুমতিতে কলেজ পরিবর্তন করিয়া ফরম পুরণ করা হইয়াছে। এসকল অনিয়ম চিহ্নিত করার পর সংশ্লিষ্ট কলেজকে আত্মপক্ষ সমর্থনের জন্য কাগজপত্রসহ উত্তর প্রদানের জন্য সময় দেওয়া হইয়াছে। বোর্ডের চেয়ারম্যান গতকাল (মঙ্গলবার) জানান, সন্তোষজনক উত্তর পাওয়া না গেলে ঘাপলা ও অনিয়মের সহিত জড়িত পরীক্ষা-র্থীদের প্রবেশপত্র ইস্যু হইবে না। একই সংগে ইহার সহিত জড়িত শিক্ষক ও বোর্ডের ষ্টাফদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হইবে। তিনি জানান, সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও থানা নির্বাহী কর্মকর্তাদের এব্যাপারে অবহিত করা হই-য়াছে। উল্লেখ্য, এই একই অভিযোগে এ বছর যশোর বোর্ডের ১৫ হাজার এসএসসি পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারে নাই।